গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারীসদর।
http//nilphamarisadar.nilphamari.gov.bd

স্মারকনং ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৫.০০৭.২৪-৭৬

তারিখ: ০৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২৪ খ্রি.

## নীলফামারী সদর উপজেলার জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবী সমিতির/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী সদর উপজেলাধীন উল্লিখিত ২০ একর পর্যন্ত খাস (বদ্ধ) জলমহালসমূহ নির্ধারিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলা ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন করতে হবে।

আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪৩০ সনের আগামী ০৯ মাঘ হতে ৩রা ফাল্গুনের মধ্যে (২৩/০১/২০২৪ খ্রি. হতে ১৬/০২/২০২৪ খ্রি. তারিখে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইন আবেদনের সকল প্রিন্ট কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে অফিস চলাকালীন সময়ে আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ইংরেজি ২৪-০১-২০২৪ থেকে ১৬-০২-২০২৪ খ্রি: তারিখ বাংলা ০৯-মাঘ -১৪৩০বঙ্গাব্দ থেকে ০৩ -ফাল্গুন-১৪৩০বঙ্গাব্দ | অনলাইনে আবেদন দাখিল |
| ০২ | ইংরেজি ১৭-০২-২০২৪ হতে ১৯-০২-২০২৪ খ্রি: বাংলা ০৪ হতে ০৬-ফাল্গুন -১৪৩০বঙ্গাব্দ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ইংরেজি ২২-০২-২০২৪ খ্রি: বাংলা ০৯ ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ইংরেজি ০৩-০৩-২০২৪ খ্রি: বাংলা ১৯ ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন । |
| ০৫ | ইংরেজি ২০-০৩-২০২৪ খ্রি: বাংলা ০৬-চৈত্র- ১৪৩০বঙ্গাব্দ | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ইংরেজি ৩০-০৩-২০২৪ খ্রি: বাংলা ১৬- চৈত্র- ১৪৩০বঙ্গাব্দ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ইংরেজি ০৩-০৪-২০২৪ খ্রি: বাংলা ২০- চৈত্র- ১৪৩০বঙ্গাব্দ | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ইংরেজি ১৪-০৪-২০২৪ খ্রি: বাংলা ০১ বৈশাখ ১৪৩১বঙ্গাব্দ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা :

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম ও আয়তন (একরে) | সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৪) (খ) অনুচ্ছেদ অনুযায়ী কাঙ্খিত নূন্যতম মূল্য | আবেদন গ্রহণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | গোড়গ্রাম | কাঞ্চনার বিল<br>মৌজা : গোড়গ্রাম<br>খ:নং দাগনং জমি<br>০১ ৩৯০ ৫.২৪একর | ১৩০,০৯৫/- | ইংরেজি ২৪-০১-২০২৪ থেকে ১৬-০২-২০২৪ খ্রি: তারিখ বাংলা ০৯-মাঘ -১৪৩০বঙ্গাব্দ থেকে ০৩ -ফাল্গুন-১৪৩০বঙ্গাব্দ | |
| ০২ | গোড়গ্রাম | মানিমুনি পুকুর<br>মৌজা : ধোবাডাঙ্গা<br>খ:নং দাগনং জমি<br>০১ ৯২৪৯ ৪.৩৫ একর | ২,২৯,৯৫০/- | ঐ | |
| ০৩ | গোড়গ্রাম | কোদাল ধোয়া পুকুর<br>মৌজা : ধোবাডাঙ্গা<br>খ:নং দাগনং জমি<br>০১ ৯২৩৫ ১.৩০ একর | ৭,৫৬০/- | ঐ | |
| ০৪ | গোড়গ্রাম | হাজীগঞ্জ বাজার বিল<br>মৌজা : গোড়গ্রাম<br>খ:নং দাগনং জমি<br>০১ ১০৭৩ ১.৬১ একর | ৭,৮৭৫/- | ঐ | |

অপর পৃষ্টার দ্রষ্টব্য

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৫ | গোড়গ্রাম | বাশপুকুর<br>মৌজা : গোড়গ্রাম<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৫৮৩ ২.৭৫ একর | ৩৫,৫৯৫/- | ইংরেজি ২৩-০১-২০২৪ থেকে ১৫-০২-২০২৪ খ্রি: তারিখ বাংলা ১০-মাঘ -১৪৩০বঙ্গাব্দ থেকে ০৪ -ফাল্গুন-১৪৩০বঙ্গাব্দ | |
| ০৬ | পলাশবাড়ী | মজাপুকুর বিল<br>মৌজা : পলাশবাড়ী<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৮৭৭ ০.৭১ একর<br>১৮৭৮ ০.৫২ একর<br>মোট-১.২৩ একর | ২৩,৬২৫/- | ঐ | |
| ০৭ | পলাশবাড়ী | শুকান দিঘী<br>মৌজা : পলাশবাড়ী<br>খ:নং দাগনং জমি<br>০১ ১২৭৪ ০.৬৯ একর<br>১২৭৫ ০.২৬ একর<br>মোট- ০.৯৫ একর | ১৪,৪৯০/- | ঐ | |
| ০৮ | পলাশবাড়ী | গোপাল শাহ পুকুর<br>মৌজা : পলাশবাড়ী<br>খ:নং দাগনং জমি<br>০১ ৪১১০ ২.২৩ একর | ১৫,৪৩৫/- | ঐ | |
| ০৯ | পলাশবাড়ী | হোকরডোবা পুকুর<br>মৌজা : খালিশাপচা<br>খ:নং দাগনং জমি<br>০১ ৩১৮৯ ০.৭৪ একর | ৫,৩৫৫/- | ঐ | |
| ১০ | চওড়া বড়গাছা | কিসামত দলুয়া পুকুর<br>মৌজা : চওড়া বড়গাছা<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৩৮২ ১.৬৩ একর | ৫৯,৮৫০/- | ঐ | |
| ১১ | চওড়া বড়গাছা | দলুয়া পুকুর<br>মৌজা : কিসামত দলুয়া<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৩৮১ ৩.৭৮ একর | ৬১,১১০/- | ঐ | |
| ১২ | টুপামারী | দেওডোবা পুকুর<br>মৌজা : টুপামারী<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৫৬৫ ১.১৯ একর | ৭,৮৭৫/- | ঐ | |
| ১৩ | লক্ষীচাপ | দামুয়া দীঘি<br>মৌজা : সহদেব বড়গাছা<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৯, ৩০২ } ১.৪৯ একর | ৩৬,৮৫৫/- | ঐ | |
| ১৪ | ইটাখোলা | ছাড়ার বিল<br>মৌজা : সিংদই<br>খ:নং দাগনং জমি<br>০১ ১৭০৫ ১১.৪৫ একর | ১৮৫,৮৫০/- | ঐ | |

অপর পৃষ্টার দ্রষ্টব্য

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে আবেদন ফি (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত টাকা) এবং জামানত (ইজারা মূল্যের ২০%)উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর বরাবরে তফসিলী ব্যাংকের পে-অর্ডার /ব্যাংক এর মাধ্যমে পৃথকভাবে জমা দিতে হবে।

০২। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে তার আবেদনগ্রহনের (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রথম বছরের ইজারামূল্য, ইজারামূল্যের অতিরিক্ত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক আয়কর ও মূল্য সংযোজন কর সহ সম্পূর্ণ অর্থ জমা দিতে হবে। অন্যথায় তার আবেদনপত্র বাতিল করে সমূদয় জামানত বাজেয়াপ্ত করা হবে। ইজারা প্রাপ্ত আবেদনকারীকে সংশ্লিষ্ট জলমহালের সমূদয় অর্থ পরিশোধ ও চুক্তিনামা সম্পাদন করে জলমহলের দখল বুঝে নিতে হবে।

০৩। দ্বিতীয় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য প্রথম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। তৃতীয় বছরের সম্পূর্ণ ইজারামূল্য পুর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং সর্বশেষ বছরের ইজারা মূল্যের সাথে জামানতের অর্থ সমন্বয় করা হবে।

০৪। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম ও ঠিকানাসহ দেয় দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষা-মাঝা করা যাবেনা। প্রতিটি জলমহালের জন্য ভিন্ন ভিন্ন আবেদন দাখিল করতে হবে।

০৫। প্রত্যেক আবেদনকারীকে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে ও সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ পূর্বক এবং ০২ নভেম্বর, ২০২৩খ্রি: তারিখের প্রজ্ঞাপন মোতাবেক আগামী- ২৪/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ তারিখের মধ্যে (jm.lams.gov.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে হবে।

০৬। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯, এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

০৭। ইজারাদারকে জলমহালগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে জলমহালের কোনরূপ পরিবর্তন করা যাবেনা।

০৮। ইজারাদার কোন অবস্থাতে ইজারাকৃত জলমহাল সাব-লীজ দিতে পারবেন না।

০৯। যে কোন আবেদনপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৭/০১/২০২৪

(মোঃ মেহেদী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর।
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
Email: unonilphamari@mopa.gov.bd

স্মারকনং ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৫.০০৭.২৪-৭৬

তারিখ: ০৪ মাঘ, ১৪৩০বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। সচিব ,ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ,রংপুর বিভাগ, রংপুর।
০৩।জেলা প্রশাসক, নীলফামারী।
০৪। পুলিশ সুপার, নীলফামারী।
০৫। মেয়র, নীলফামারী পৌরসভা, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।
০৭। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।
০৮। সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর।
০৯। উপজেলা ....................................অফিসার, নীলফামারী সদর।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নীলফামারী থানা।
১১। সাব- রেজিস্ট্রার ,নীলফামারী সদর।
১২। চেয়ারম্যান ........................................(সকল) ইউ, পি, নীলফামারী । তাঁকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩।ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা--------------------------------------------------(সকল)।তাঁকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। সচিব,------------------------------------------------------------(সকল) ইউ, পি , নীলফামারী।
১৫। ------------------------------------------------------------------------------------
১৬। অফিস কপি।

২৭/০১/২০২৪

(মোঃ মেহেদী হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর।
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
Email: unonilphamari@mopa.gov.bd